



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

নং- বিদ্যালয়-১/সাধারণ/৩০৭৪

তারিখ : ০৪/১১/২০১৫


বিষয় : সিআরভিএস পাইলট কার্যক্রমের জন্য তথ্য সংগ্রহ ও এন্ট্রি (Data collection and data entry) এবং এ বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ সহায়তা সংক্রান্ত প্রসঙ্গে।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/১১/২০১৫ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.৭২২.১৪.০০১.১৫.৩১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, একটি অভিন্ন আইডি ব্যবস্থাপনার মাধ্যমে নাগরিকের জীবন প্রবাহের উল্লেখযোগ্য ঘটনাসমূহ তথ্য উপাত্ত আকারে সংরক্ষণ এবং এর ভিত্তিতে সরকারের সকল সেবা নিশ্চিত করার লক্ষ্যে Civil Registration and Vital Statistics (CRVS) উদ্যোগের সূত্রপাত। বাংলাদেশে সিআরভিএস কার্যক্রম সমন্বয় এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলার বাসুদেব ইউনিয়ন, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার গয়হাটা ইউনিয়ন এবং ঢাকা মহানগরীর উত্তরায় পাইলট কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ পরিপ্রেক্ষিতে ০৭/১১/২০১৫ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট এলাকার সকল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের এবং ০৮/১১/২০১৫ তারিখ হতে তথ্য সংগ্রহ ও এন্ট্রির কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : মন্ত্রিপরিষদ বিভাগেরপত্র।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
০৭.১১.১৫

এ.টি.এম. মইনুল হোসেন


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

প্রাপক : (১) ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলার  
বাসুদেব ইউনিয়নের সকল মাধ্যমিক বিদ্যালয়।

(২) টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার গয়হাটা  
ইউনিয়নের সকল মাধ্যমিক বিদ্যালয়।

(৩) ঢাকা মহানগরীর উত্তরায় অবস্থিত  
সকল মাধ্যমিক বিদ্যালয়।

  
০৪/১১/১৫

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২২.১৪.০০১.১৫.৩১

১৯ কার্তিক ১৪২২  
তারিখ:-----  
০৩ নভেম্বর ২০১৫

**বিষয়: সিআরভিএস পাইলট কার্যক্রমের জন্য তথ্য সংগ্রহ ও এন্ট্রি (Data collection and data entry) এবং এ বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ সহায়তা সংক্রান্ত।**

একটি অভিন্ন আইডি-ব্যবস্থাপনার মাধ্যমে নাগরিকের জীবন-প্রবাহের উল্লেখযোগ্য ঘটনাসমূহ তথ্য-উপাত্ত আকারে সংরক্ষণ এবং এর ভিত্তিতে সরকারের সকল সেবা নিশ্চিত করার লক্ষ্যে Civil Registration and Vital Statistics (CRVS) উদ্যোগের সূত্রপাত। বাংলাদেশে সিআরভিএস কার্যক্রম সমন্বয় এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের নেতৃত্বে গঠিত সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নভেম্বর-ডিসেম্বর ২০১৫ মেয়াদে ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলার বাসুদেব ইউনিয়ন; টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার গয়হাটা ইউনিয়ন এবং ঢাকার উত্তরায় পাইলট কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

০২। বর্ণিত পাইলট কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আগামী ৬-৭ নভেম্বর ২০১৫ তারিখে পাইলট এলাকাধীন সকল প্রাইমারি বিদ্যালয়, উচ্চ বিদ্যালয় এবং মাদ্রাসার সকল শিক্ষককে তথ্য সংগ্রহ ও এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং ০৮ নভেম্বর ২০১৫ তারিখ হতে তথ্য সংগ্রহ ও এন্ট্রির কার্যক্রম বাস্তবায়িত হবে।

০৩। উক্ত প্রশিক্ষণ এবং তথ্য সংগ্রহ ও এন্ট্রির কর্মকাণ্ড সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার নিমিত্ত নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন:

- (ক) ০৫ নভেম্বর ২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল শিক্ষককে প্রশিক্ষণের বিষয়টি অবহিত করা;
- (খ) ০৬ নভেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরকে নির্দেশনা প্রদান করা;
- (গ) ০৭ নভেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট উচ্চ বিদ্যালয় এবং মাদ্রাসা শিক্ষকদেরকে নির্দেশনা প্রদান করা; এবং
- (ঘ) ০৮ নভেম্বর ২০১৫ তারিখ হতে তথ্য সংগ্রহ ও এন্ট্রির কর্মকাণ্ড বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষককে নির্দেশনা প্রদান করা।

০৪। এমতাবস্থায়, ০৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মো: আশফাকুল আমিন মুকুট)  
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৮৪২৫

ইমেইল: dc\_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. সচিব, শিক্ষা মন্ত্রণালয়।


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২২.১৪.০০১.১৫.৩১/(৩)

১৯ কার্তিক ১৪২২  
তারিখ:-----  
০৩ নভেম্বর ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

  
(মো: আশফাকুল আমিন মুকুট)  
সিনিয়র সহকারী সচিব